

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

www.bb.org.bd

ভদ্র ২০, ১৪২৩

তারিখ : -----

সেপ্টেম্বর ০৪, ২০১৬

সার্কুলার পত্র নং-এফইপিডি(রপ্তানি নীতি)২২০(১)/২০১৬-২৪

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

**রপ্তানি উন্নয়ন তহবিলের (ইডিএফ) আওতায় বান্ধ আকারে উৎপাদন উপকরণাদি
আমদানির ক্ষেত্রে প্রচলিত রপ্তানিকারকের অনুকূলে ঋণ সুবিধা প্রদান প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নং ২৫, তারিখ ডিসেম্বর ২২, ২০০৯ ও পরবর্তী সময়ে জারিকৃত সংশ্লিষ্ট সকল এফই সার্কুলারের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

ইডিএফ সংক্রান্ত সার্কুলার অনুযায়ী সুনির্দিষ্ট রপ্তানি কার্যক্রম পরিচালনার নিমিত্তে প্রয়োজনীয় উৎপাদন উপকরণাদি আমদানির বিপরীতে ইডিএফ এর আওতায় ঋণ সুবিধা ছাড়াও কতিপয় এসোসিয়েশনের সদস্যভুক্ত প্রচলিত রপ্তানিকারক প্রতিষ্ঠানের অনুকূলে বান্ধ আকারে উৎপাদন উপকরণাদি আমদানির সুবিধা প্রযোজ্য রয়েছে। বান্ধ আকারে আমদানির বিপরীতে ইডিএফ এর আওতায় ঋণ সুবিধা প্রদানের ক্ষেত্রে গ্রাহক প্রতি সর্বোচ্চ সীমা নির্ধারিত রয়েছে। তবে উক্ত সীমা সংশ্লিষ্ট প্রচলিত রপ্তানিকারক প্রতিষ্ঠানের বিগত বারো মাসে স্থানীয় (প্রযোজ্য ক্ষেত্রে প্রত্যক্ষ রপ্তানি আয়সহ) সরবরাহের বিপরীতে প্রত্যাভাসিত বৈদেশিক মুদ্রার চেয়ে বেশী হবে না।

সম্প্রতিকালে ইডিএফ এর আওতায় বান্ধ আকারে আমদানির নিমিত্তে ঋণ সুবিধা প্রদানের ক্ষেত্রে স্থানীয় সরবরাহের বিপরীতে বৈদেশিক মুদ্রায় প্রত্যাভাসিত মূল্য বিবেচনায় না নিয়ে সার্কুলারে বর্ণিত সর্বোচ্চ সীমা অনুযায়ী ঋণ প্রদানের নজির বাংলাদেশ ব্যাংকের গোচরীভূত হয়েছে। প্রচলিত রপ্তানিকারকের অনুকূলে বান্ধ আকারে উৎপাদন উপকরণাদি আমদানির ক্ষেত্রে ইডিএফ ঋণ অনুমোদনকালে সংশ্লিষ্ট সার্কুলারে বর্ণিত নির্দেশনা অনুযায়ী গ্রাহক প্রতি ঋণ সীমার নির্দেশিত মাত্রা অতিক্রম না করার বিষয়টি নিশ্চিত করার ক্ষেত্রে সতর্কতা অবলম্বনের পরামর্শ দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ জাকির হোসেন চৌধুরী)

উপ মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫০